



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তারিখ: ০১/০২/২০২১ খ্রি.

স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.২৫.১৭.২০২১-৫৬

বিষয়: কিশোর-কিশোরীদের উদ্ধুদ্ধ করে ডিজিটাল ডিভাইডস নিরসন বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সুরক্ষা, বাল্যবিবাহ প্রতিরোধ, সঠিক পুষ্টি নিশ্চিতকরণ, স্কুল থেকে ঝরে পড়া রোধ, নিজের কাজ নিজে করা নিশ্চিতকরণ কার্যক্রম বাস্তবায়ন প্রদান সংক্রান্ত।

সূত্র: ইনোভেশন কলসালটেন্ট প্রা: লি: এর স্মারক নং: INNO/01/2021, তারিখ: ২০/০১/২০২১ খ্রি।
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইনোভেশন কলসালটেন্ট প্রা: লি: বাংলাদেশের সকল বিভাগের বিভিন্ন উপজেলায় ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ে "সূর্য ক্লাব" গঠন করার জন্য আবেদন করেছেন।

বর্তমানে এস ডি জি-৪-এ বর্ণিত গুণগত শিক্ষা অর্জনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সাথে ইনোভেশন কলসালটেন্ট প্রা: লি: এর কাজ করার আগ্রহের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সকল বিভাগের বিভিন্ন উপজেলায় কিশোর-কিশোরীদের উদ্ধুদ্ধ করে ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ে "সূর্য ক্লাব" গঠন করে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনার জন্য শর্ত সাপেক্ষে অনুমতি প্রদান করা হলো-


কার্যক্রমসমূহ:

১. ডিজিটাল ডিভাইড'স নিরসনে কাজ করা
২. বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সুরক্ষা কার্যক্রম পরিচালনা করা (হাইজিন কর্ণার স্থাপন)
৩. সঠিক পুষ্টি নিশ্চিতকরণ
৪. নিজের কাজ নিজে করা (পুষ্টি মাঠ তৈরী করা)
৫. বাল্যবিবাহ প্রতিরোধ করা
৬. স্কুল থেকে ঝরে পড়া রোধ করা

শর্তসমূহ:

১. শ্রেণি কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না;
২. পাঠ্যক্রমের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. পুষ্টি মাঠ তৈরিতে খেলার মাঠ নষ্ট করা যাবে না।
৪. প্রধান শিক্ষক, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং জেলা শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করতে হবে;
৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ইনোভেশন কলসালটেন্ট প্রা: লি: গৃহীত কার্যক্রমসমূহ মনিটরিং ও মূল্যায়ন করবে;
৬. মাউশি অধিদপ্তরের কোন অর্থনৈতিক সংশ্লেষ থাকবে না;
৭. কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি তিনমাস পরপর মাউশি অধিদপ্তরে জমা দিতে হবে;
৮. বিদ্যমান রাষ্ট্রীয় বিধি-বিধান এবং নীতিমালা অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করতে হবে;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।


০১.০২.২০২১

(মোহাম্মদ মাজহারুল হক মাসুদ)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)
ফোন: 9550667

জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট)
প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সংশ্লিষ্ট)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/প্রশিক্ষণ/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৪। মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। অফিস কপি।